

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পাস-২ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৮৫.০০২.০৩৪.২০১৭-১২

তারিখ : ০৭ জানুয়ারি ২০১৮


বিষয় : ঢাকা ওয়াসা কর্তৃক বাস্তবায়িত 'ঢাকা ওয়াটার সাপ্লাই নেটওয়ার্ক ইম্প্রুভমেন্ট প্রজেক্ট' শীর্ষক প্রকল্পের বাজেট অথরাইজেশন গ্রহণ বিষয়ে ব্যাখ্যা প্রদান সংক্রান্ত।

সূত্র : অর্থ বিভাগের স্মারক নং- ০৭.১১১.০১৪.৩৭.০০.০০৩.২০১৭/৪৭৪ তারিখ : ৩০/১১/২০১৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ঢাকা ওয়াসা কর্তৃক বাস্তবায়নাধীন 'ঢাকা ওয়াটার সাপ্লাই নেটওয়ার্ক ইম্প্রুভমেন্ট প্রজেক্ট' এর ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে প্রকল্প সাহায্য (টাকাংশ) খাতে বরাদ্দকৃত অর্থের বাজেট অথরাইজেশন বিষয়ে অর্থ বিভাগ কর্তৃক নিম্নোক্ত তথ্য প্রেরণ/ব্যাখ্যা প্রদানের জন্য অনুরোধ করা হয়েছে :

- (ক) আলোচ্য প্রকল্পের অনুকূলে ২০১৬-১৭ অর্থবছরে ব্যয়কৃত ২২৭.৪০ লক্ষ টাকার বিপরীতে পুনর্ভরণ প্রাপ্তি শূন্য থাকার কারণ ; এবং
- (খ) ২০১৭-১৮ অর্থবছরে আলোচ্য প্রকল্পের অনুকূলে অর্থ বিভাগ হতে ইতোপূর্বে কোন বাজেট অথরাইজেশন জারি না করা হলেও ব্যাংক স্টেটমেন্ট পর্যালোচনায় দেখা যায়, জুলাই/২০১৭ হতে অক্টোবর/২০১৭ পর্যন্ত নিয়মিত ব্যাংক লেনদেন সংঘটিত হয়েছে। বাজেট অথরাইজেশন গ্রহণ ব্যতীত বিশেষ হিসাবের অর্থ ব্যয়ের সুযোগ না থাকা সত্ত্বেও আলোচ্য প্রকল্পের অনুকূলে অগ্রণী ব্যাংক লিঃ, ওয়াসা কর্পোরেট শাখা, ঢাকায় রক্ষিত ব্যাংক হিসাব হতে অর্থ ছাড়/ব্যয়ের বিষয়ে ব্যাখ্যা প্রদানের জন্য অনুরোধ করা হয়েছে।

২। এমতাবস্থায়, ঢাকা ওয়াসার 'ঢাকা ওয়াটার সাপ্লাই নেটওয়ার্ক ইম্প্রুভমেন্ট প্রজেক্ট' এর বাজেট অথরাইজেশন সংশ্লিষ্ট প্রস্তাবের বিষয়ে অর্থ বিভাগের চাহিদা মোতাবেক ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(ড. কে এম কামরুজ্জামান সেলিম)

উপসচিব

ফোন : ৯৫৪০৩৭০

watersupply_02@yahoo.com

ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা, ঢাকা।

অনুলিপি : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। অতিরিক্ত সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ।
- ২। প্রকল্প পরিচালক, 'ঢাকা ওয়াটার সাপ্লাই নেটওয়ার্ক ইম্প্রুভমেন্ট প্রজেক্ট', ঢাকা ওয়াসা।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।